পরিদর্শন প্রতিবেদন

ই গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যশোরে অবস্থিত "শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক" ও মনিরামপুর উপজেলায় বাস্তবায়িত ইনোভেশন আইডিয়া "স্কুল ওয়েবসাইট বেজড কার্যক্রম" পরিদর্শন।

তারিখ: ২৪ মে, ২০২২ খ্রি.

অদ্য পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়ের ইনোভেশন টিম "শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক" পরিদর্শন করি। পরিদর্শনের সময় জানা যায় যে, নতুন প্রযুক্তি অর্জন এবং বাংলাদেশের অর্থনীতির শক্তি বৃদ্ধির লক্ষ্যে টেকনোলজি পার্কটি গঠিত হয়েছে। টেকনোলজি পার্কে নতুন উদ্যোক্তাদের প্রশিক্ষন দেয়া এবং প্রযুক্তি ভিত্তিক স্টার্ট আপ কোম্পানিগুলোকে সহায়তা প্রদান করা হয়। বিদেশী বিনিয়োগকারী ও ভেঞ্চার ক্যাপিটাল ফান্ডকে কার্যক্রম পরিচালনার জন্য সুযোগ দেয়া হয়ে থাকে। এছাড়াও এখানে জ্ঞান ভিত্তিক দক্ষ প্রতিভা পুল তৈরি করা হয়। শিক্ষিত বেকার যুবকদের জন্য উল্লেখযোগ্য কর্মসংস্থান সৃষ্টি করা হয়।

কর্তৃপক্ষের মাধ্যমে জানা যায় যে, যশোর জেলার মনিরামপুর উপজেলায় উপজেলা পরিষদ কর্তৃক একটি তথ্য প্রযুক্তি ভিত্তিক ইনোভেশন আইডিয়া বাস্তবায়িত হচ্ছে। পরবর্তীতে উক্ত ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করা হয়।

স্কুল ওয়েবসাইট বেজড সফটওয়্যার

শিক্ষাকার্যক্রমকে আধুনিক মানদন্ডে উন্নীত করাই এর মূল লক্ষ্য। শ্রেণী কার্যক্রম, অফিস ম্যানেজমেন্ট, শিক্ষক এবং শিক্ষার্থীদের ডেটাবেজ, পরীক্ষা ও মূল্যায়ন কার্যক্রম বেতন গ্রহণ ও প্রদান সহ যাবতীয় কার্যাবলী ম্যানুয়ালি না করে ওয়েবসাইড বেজড করা হচ্ছে। স্বচ্ছতা, জবাবদিহিতা, কাজের পূণরাবৃত্তি রোধ ইত্যাদি বৈশিষ্ট্য এই কার্যক্রমের মূল মানদন্ড। ইউটিউব চ্যানেলের মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষাকার্যক্রমের গতি বৃদ্ধি এবং মানদন্ড নিশ্চিত করা এর উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

ম্যানুয়াল স্কুল পরিচালনায় চ্যালেঞ্জসমূহ

১. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক সকল শিক্ষা প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম নজরদারি করা;
২. বিভিন্ন স্কুলে পাঠদানের বৈচিত্রতা এবং অসামঞ্জস্যতা;
৩. শিক্ষার্থীদের স্কুলে উপস্থিতির বিষয়ে তাৎক্ষণিক তথ্য পাওয়ার জটিলতা;
৪. ক্লাসরুটিন, সিলেবাস এবং নোটিশ ইত্যাদি একই জায়গায় না পাওয়ার জটিলতা;
৫. শিক্ষার্থীদের পরীক্ষার নাম্বার এবং উক্ত পরীক্ষায় সবোর্চ্চ নাম্বার তাৎক্ষণিক ভাবে পাওয়া;
৬. স্কুলের বেতন, পরীক্ষা ফি দেয়ার জন্য স্কুল পর্যন্ত যাওয়া।

স্কুল ওয়েবসাইট বেজড সফটওয়্যার এর কার্যপ্রণালী

এটি একটি অনলাইন বেজড সফটওয়্যার। অনলাইন বেজড সিস্টেমে লগইন করার জন্য ইউজার ভেরিফিকেশনের দরকার হয়। এই সিস্টেমে পাঁচ ধরনের ইউজার ভেরিফিকেশন রয়েছে। সুপার এডমিন, এডমিন, শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থী প্যানেল।

সফটওয়্যার বেজড স্কুল পরিচালনার প্রক্রিয়া

- **সুপার এডমিন ড্যাশবোর্ড:** সুপার এডমিন ড্যাশবোর্ডে সুপার এডমিন ইউজার হিসেবে থাকবেন ইউএনও এবং থানা শিক্ষা অফিসার। একটি স্কুলকে সফটওয়্যারের আওতাভুক্ত করার জন্য ড্যাশবোর্ডটি ব্যবহৃত হয়। এখান থেকে নতুন স্কুল সংযোজন করা সহ যাবতীয় স্কুলের কার্যক্রম মনিটরিং করা সম্ভব হবে। এই ড্যাশবোর্ডে সকল শিক্ষার্থী সহ শিক্ষক ও অভিভাবকদের স্কুল সম্পর্কিত সমুদয় তথ্য দেখা যাবে। এখানে কতজন শিক্ষক ও অভিভাবক রেজিষ্ট্রেশন করেছেন তার তথ্য দেখা যাবে।
- **এডমিন প্যানেল:** এডমিন প্যানেলে এডমিন ইউজার হিসেবে থাকবেন স্কুলের প্রধান শিক্ষক। শিক্ষকদের ডাটা তৈরী, অভিভাবক একাউন্ট তৈরী, ছাত্র-ছাত্রী একাউন্ট তৈরী, তৈরীকৃত ছাত্র-ছাত্রীদের একাউন্টে অনলাইনে পরীক্ষার ফিস আদায়, অনলাইন হাজিরার ক্ষেত্রে এই এডমিন প্যানেল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এখানে শিক্ষকদের নির্ধারিত শ্রেণিতে কে কোন ক্লাস নিবে তা কন্টোল করা যাবে।
- **শিক্ষক প্যানেল:** এই প্যানেলের ইউজার হিসেবে থাকবেন শিক্ষকগণ। একটি স্কুল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য শিক্ষকদের প্রতিদিনের অনলাইন হাজিরা, ক্লাস রুটিন, সিলেবাস, শিক্ষকদের দ্বারা তৈরীকৃত ভিডিও ইউটিউবে আপলোডের পর লিংকটি এই সিস্টেমে দেখানোর জন্য শিক্ষক প্যানেল অত্যন্ত প্রয়োজনীয়।
- **অভিভাবক প্যানেল:** শিক্ষার্থীরা নিয়মিত স্কুলে যাচ্ছে কিনা সেটা সব অভিভাবকের জানার অধিকার রয়েছে। এজন্য এই সিস্টেমে অভিভাবক প্যানেল নামে একটি প্যানেল রাখা হয়েছে। তারা আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করে তার ছেলে-মেয়ে স্কুলে গিয়েছে কিনা এবং পরীক্ষার ফিস দিয়েছে কিনা তা যথাক্রমে অনলাইন হাজিরা ও পেমেন্ট অপশনের মাধ্যমে জানতে পারবে। অভিভাবক প্যানেলে ইউজার হলেন শিক্ষার্থীদের অভিভাবকগণ।
- **শিক্ষার্থী প্যানেল:** নির্ধারিত শিক্ষকদের আপলোডকৃত ভিডিও অনলাইনে দেখা অথবা ডাউনলোড করতে পারবে। শিক্ষক প্যানেল থেকে নির্বাচিত ভালো মানের আপলোডকৃত ভিডিও শিক্ষার্থীরা যেন দেখার সুযোগ পায় একথা চিন্তা করে শিক্ষার্থীদের আইডি-পাসওয়ার্ড দিয়ে লগইন করার ব্যবস্থা রাখা হয়েছে। এখান থেকে তারা অনলাইনে পরীক্ষাও দিতে পারবে।

স্কুল ওয়েবসাইট বেজড সফটওয়্যার ব্যবহারে সুবিধাসমূহ

উর্দ্ধতন কর্তৃপক্ষ শিক্ষা প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম নিমিষেই মনিটরিং করতে পারবেন। ডিজিটাল স্কুল সিস্টেমে ঘরে বসে কিংবা প্রবাসে থেকেই অভিভাবক তার সন্তান বিদ্যালয়ে নিয়মিত যাচ্ছে কিনা, পরীক্ষার ফলাফল, শ্রেণিকক্ষে পারদর্শিতাসহ লেখাপড়া সংক্রান্ত যাবতীয় খোঁজ খবর রাখা যাবে। কর্তৃপক্ষ ওয়েবসাইটে প্রবেশ করে শিক্ষা প্রতিষ্ঠানের সকল বার্ষিক আয়-ব্যয় থেকে অনলাইন ক্লাস, শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতি, পাঠদান কার্যক্রম (বাৎসরিক সিলেবাস ক্লাস রুটিন, দৈনিক, সপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক পরীক্ষা ও মূল্যায়নসহ) সকল কার্যক্রম এ ওয়েবসাইটের মাধ্যমে পরিচালনা করতে পারবেন। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সহকারি শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকের সকল তথ্য এ ওয়েবসাইটে সমৃদ্ধ থাকবে।

পরিদর্শনকৃত ইনোভেশন আইডিয়াটি তিনটি পার্বত্য জেলায় বাস্তবায়নের বিষয়ে সুপারিশ

তিন পার্বত্য জেলায় ইনোভেশন আইডিয়াটি বাস্তবায়ন করা গেলে, উর্দ্ধতন কর্তৃপক্ষ শিক্ষা প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম নিমিষেই মনিটরিং করতে পারবেন বিভাগের ও পিছিয়ে পড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠির শিক্ষার মান নিশ্চিতকরণ এবং পর্যবেক্ষন করা সহজতর হবে। ঘরে বসে কিংবা প্রবাসে থেকেই অভিভাবক তার সন্তান বিদ্যালয়ে নিয়মিত যাচ্ছে কিনা, পরীক্ষার ফলাফল, শ্রেণিকক্ষে পারদর্শিকতাসহ লেখাপড়া সংক্রান্ত যাবতীয় খোঁজ খবর রাখা সম্ভব হবে। তিনটি পার্বত্য জেলায় বৈষম্যহীন সমন্বিত শিক্ষা, আধুনিক ও আন্তর্জাতিক মানের শিক্ষায় শিক্ষার্থীদের গড়ে তোলার প্রত্যয়ে এবং সুষ্ঠু শিক্ষা কার্যক্রম পরিচালনায় অনলাইন বেজড শিক্ষাকার্যক্রমের বিকল্প নেই। গতানুগতিক ধারা পরিবর্তন করে আধুনিক তথ্য প্রযুক্তির ছোঁয়ায় শিক্ষা প্রতিষ্ঠানের দৈনিন্দন কার্যক্রম মনিটরিং এর মধ্যে দিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ সহকারি শিক্ষক, শিক্ষার্থী-অভিভাবকদের দৃষ্টিভঙ্গি উচ্চমাত্রায় নিয়ে যাবে বলে আশা করা যায়।

29.05.2022
(হাবিবুল্লাহ নাহিদ)
সহ: মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
আইসিটি শাখা
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক
মন্ত্রণালয়

29.05.22
(ওয়াহিদ পলাশ)
সহকারী প্রোগ্রামার
আইসিটি শাখা
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক
মন্ত্রণালয়

(আবু রাফা মোঃ আরিফ)
উপসচিব
পরিষদ – ১ শাখা
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক
মন্ত্রণালয়

(মোঃ হুজুর আলী)
যুগ্ম সচিব
উন্নয়ন অধিশাখা
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক
মন্ত্রণালয়